



## বঙ্গবাজার

সোমবার, জুন ২, ২০২৫ ■ জ্যেষ্ঠ ১৯, ১৪৩২



## উদ্ভাবন ও উদ্যোক্তা বিকাশে এনএসইউ স্টার্টআপ নেক্সট ও বিএইচটিপিএর যৌথ উদ্যোগ

উদ্ভাবন ও উদ্যোক্তা বিকাশে নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ইনকিউবেশন প্ল্যাটফর্ম এনএসইউ স্টার্টআপ নেক্সট (এনএসইউএসএন) ও বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (বিএইচটিপিএ) সম্প্রতি যৌথভাবে একটি সেমিনারের আয়োজন করেন। 'অন্ট্রাপ্রেনিউরস ইনোভেশন ইঞ্জিন: এনএসইউএসএন'ী বিএইচটিপিএ' শীর্ষক এ সেশনে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ড. মোখলেস উর রহমান, এনএসইউ উপাচার্য ড. আবদুল হান্নান চৌধুরী ও বিএইচটিপিএর ডিইআইইডি প্রকল্পের পরিচালক মনজুর মোহাম্মদ শাহরিয়ার। সেমিনারে উদ্বোধনী বক্তব্য দেন এনএসইউএসএনের পরিচালক (ইনচার্জ) স্যামুয়েল মুরসালিন।